গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়,ভোলা।
Web: www.cs.bhola.gov.bd

স্মারক নং -সিএস/ভোলা/২০২৪/ ১৮৯ তারিখঃ ১২/০২ /২০২৪ ইং।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/পিএইচ-৩/২সি-৮/৯৪-৮১ তারিখঃ ১৪ জানুয়ারি ২০২৪ খ্রিঃ মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তরাধীন সিভিল সার্জনের কার্যালয়,ভোলা ও তার নিয়ন্ত্রনাধীন প্রতিষ্ঠান সমূহে স্থায়ী রাজস্ব খাতভূক্ত গ্রেড ভিত্তিক সরাসরি নিয়োগযোগ্য ১১-২০ গ্রেড ভুক্ত(পূর্বতন ৩য়-৪র্থ শ্রেনী) নিম্নলিখিত শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্তে ভোলা জেলার স্থায়ী নাগরিক এর নিকট হতে নিম্নেবর্নিত শর্তাধীনে http://csbhola.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে (Online)-এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | গ্রেড ও জাতীয় বেতন স্কেল-২০১৫ | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | পরিসংখ্যানবিদ | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ০১(এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান,গনিত,অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে ও (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ২ | ষ্টোর কিপার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০২(দুই)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) সরকারি বিধি অনুযায়ী জামানত জমা প্রদান করিতে হইবে। |
| ৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৭(সাত)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে, ও (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা প্রতিমিনিটে ২০শব্দ এবং ইংরেজী প্রতি মিনিটে ২০শব্দ থাকতে হবে। |
| ৪ | স্বাস্থ্য সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ৫৯(উনষাট)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৫ | গাড়ী চালক | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০/- | ০১(এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে ও (খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ভারী যানবাহন চালানোর হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |

০১। **বিশেষ নির্দেশনাঃ**

১.১ আগ্রহী প্রার্থীগণ http://csbhola.teletalk.com.bd ওয়েবসাইটে (Online)-এ আবেদনপত্র প্রেরণ করবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশিকা মোতাবেক ফরম পুরণ করতে হবে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

১.২ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্নিত পদ সমূহে নিয়োগ ও কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ আইন বিধি ও নীতি অনুসরন করা হবে।

১.৩ উক্ত নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল নিয়োগ বিধিমালা-২০১৮,কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা-২০১৯ ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি অনুযায়ী ক্যাটাগরি ভিত্তিক প্রযোজ্য তফসীল অনুসারে লিখিত ও মৌখিক(প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক)পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে।

১.৪ স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট পুরাতন ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না।

১.৫ স্বাস্থ্য সহকারী শূন্য পদের তালিকা (পুরাতন ওয়ার্ড,ইউনিয়ন,উপজেলা ভিত্তিক),সিভিল সার্জনের কার্যালয়,জেলা ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়(সকল),জেলা এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১.৬ কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং প্রয়োজনে যেকোন শর্ত সংযোজন,সংশোধন ও পরিবর্তন এবং বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১.৭ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫,তারিখঃ-০৮/১০/২০১৮খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে উল্লেখিত পদ সমূহে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

১.৮ প্রার্থী কর্তৃক প্রদত্ত যেকোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারনা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা,ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পুরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষা কেন্দ্রে দূর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে,এমনকি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.৯ কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.১০ প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি ফৌজদারী অপরাধে দন্ডিত হলে কিংবা বরখাস্ত হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/আধা- স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে (নির্ধারিত বয়সসীমার মধ্যে)অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র(NOC)মূল কপি জমা দিতে হবে।

১.১১ প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/বীর মুক্তিযোদ্ধাদের নাতী-নাতনী হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এবং উক্ত ওয়েবসাইটে সর্বশেষ সংরক্ষিত/প্রদর্শিত তালিকার যেকোন একটি প্রমানক দাখিল করবেন। এক্ষেত্রে কোন প্রকার সাময়িক সনদ বা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সনদ প্রযোজ্য হবে না। মুক্তিযোদ্ধার সন্তান,সন্তানদের সন্তান কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্র দাখিল করতে হবে।

১.১২ এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগনকে সমাজসেবা অধিদপ্তরের অধিন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা অথবা ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত এতিম/শারীরিক প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১.১৩ আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভূক্ত(নূন্যতম ২১দিনের প্রশিক্ষণ যা অত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশিত তারিখের পূর্বে সম্পন্ন হতে হবে)প্রার্থীকে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য মর্মে আনসার ও ভিডিপি'র জেলা কমান্ডেন্ট কর্তৃক প্রদত্ত সনদ পত্র দাখিল করতে হবে।

১.১৪ প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র,জাতীয় পরিচয়পত্র(NID),অভিজ্ঞতা,কোটা বা অন্য কোন সুবিধা দাবীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং উহার ০১ সেট(১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)ফটোকপি ও ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রসহ জমা দিতে হবে।

১.১৫ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হলে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১৬ প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১.১৭ নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১.১৮ আবেদনপত্র,লিখিত,মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

১.১৯ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুযায়ী অপেক্ষমান তালিকা প্রস্তুত পূর্বক সংরক্ষণ করা হবে।

১.২০ চূড়ান্ত বাছাইকৃত/নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষার কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোন কারন দর্শানো ব্যতিত তার নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে।

১.২১ আবেদন ফরমের সকল কলাম যথাযথ পুরন করতে হবে(প্রযোজ্য ক্ষেত্রে)।

০২। **বয়সসীমাঃ**

২.১ প্রার্থীর বয়সসীমা ১৪-০২-২০২৪খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার ওয়ারিশ ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়সসীমা ৩২(বত্রিশ)বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিড গ্রহণযোগ্য হবে না।

২.২ বয়স প্রমানের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার সনদে প্রদত্ত জন্ম তারিখ বয়স গননার ভিত্তি হিসেবে বিবেচিত হবে এবং বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(চলমান পাতা-০২)

স্মারক নং-সি,এস/ভোলা/২০২৪/ ৯৮৯(৫২) তারিখঃ ১২/০২/২০২৪ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল(অনুলিপি জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ-

১। সচিব,স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। দৃষ্টি আকর্ষণ-উপসচিব,প্রশাসন-১অধিশাখা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণ- পরিচালক(প্রশাসন)।
৩। পরিচালক(প্রশাসন/অর্থ/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
৪। পরিচালক ও লাইন ডাইরেক্টর(হাসপাতাল ও ক্লিনিক সমূহ), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
৫। পরিচালক(স্বাস্থ্য),বরিশাল বিভাগ,বরিশাল।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,এজিবি ভবন,সেগুনবাগিচা,ঢাকা।
৭। জেলা প্রশাসক,ভোলা।
৮। পুলিশ সুপার,ভোলা।
৯। তত্ত্বাবধায়ক,২৫০শয্যা জেনারেল হাসপাতাল,ভোলা।
১০। উপ-পরিচালক,আঞ্চলিক কার্যালয়,বাংলাদেশ সরকারি কর্মকমিশন,বরিশাল।
১১। নির্বাহী প্রকৌশলী,গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পল্লি উন্নয়ন বোর্ড,ভোলা।
১২। উপ-পরিচালক,পরিবার পরিকল্পনা/জেলা যুব উন্নয়ন অধিদপ্তর,ভোলা।
১৩। জেলা তথ্য কমকর্তা,জেলা তথ্য অফিস, ভোলা।
১৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল),ভোলা।
১৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সকল),ভোলা।
১৬। জুনিয়র কনসালটেন্ট বক্ষব্যাধি ক্লিনিক ভোলা।
১৭। জেলা একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার,ভোলা।
১৮। তত্ত্বাবধায়ক,৩০শয্যা বিশিষ্ট হাসপাতাল,খায়েরহাট,দৌলতখান,ভোলা।
১৯। অফিসার্স ইনচার্জ(সকল থানা),ভোলা।
২০। উপজেলা একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার(সকল),ভোলা।
২১। নোটিশ বোর্ড, অত্রদপ্তর।
২২। অফিস নথি।

১২/০২/২০২৪

(ডাঃ কে এম শফিকুজ্জামান)
সিভিল সার্জন,ভোলা
ও
[illegible]
ফোন-০২৪৭৮-৮৯৩২২৩
Email: bhola@cs.dghs.gov.bd